




ঈশ্বর তোমাকে পরিচালনা দেবেন

ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ—
ঈশ্বর আত্মাহামকে তার অনুসরণ করতে বললেন।
ঈশ্বর তাদেরই চালান ও আশীর্বাদ করেন
যারা তার অনুসরণ করে।
তিনি তার পবিত্র বই—বাইবেলের মাধ্যমে
তোমাকে পরিচালনা দিয়ে থাকেন।



বাইবেল থেকে এই অংশটি
পাঁচবার জোরে পড়।



অত্মামের পিতার মৃত্যুর পর ঈশ্বর তাকে বললেন.....
তৃষ্ণি সেই জায়গায় যাও যেখানে আমি তোমাকে
যেতে বলি। তৃষ্ণি যদি তা কর তবে তোমার মধ্যে
থেকে মহা এক জাতি তৈরী করবো এবং আশীর্বাদ দিয়ে
তোমাকে মহান করবো, তাতে তৃষ্ণি আশীর্বাদের প্রতীক হবে।

আদি : ১২ : ১,২

এটা কি করতে পার ?

সঠিক উত্তরের পাশে গোল চিহ্ন দাও।

১। ঈশ্বর কাকে আশীর্বাদ করার প্রতিজ্ঞা করলেন?

অব্রাম/নিমরোদ/কয়িন

২। অব্রাম কাদের পিতা হবেন?

ছোট এক বৎশের/মহা এক জাতির/একটি পরিবারের।

৩। তোমাকে পরিচালনার জন্য ঈশ্বর কি ব্যবহার করেন?

আকাশের তারা/বাইবেল।

সঠিক উত্তর

১। অব্রাম, ২। এক মহান জাতি, ৩। বাইবেল।

শেখার জন্য কয়েকটি শব্দ

অব্রাম যেখানে বাস করতেন তার নাম ‘ডুর’।

যে দেশে ঈশ্বর অব্রামকে নিয়ে গেলেন তার নাম ‘কনান’।

ঈশ্বর তাঁর অনুসরণ করার জন্য অব্রামকে ডাকলেন।

নীচে বিন্দু ● থেকে ● বিন্দু পর্যন্ত শব্দগুলির
নীচে লম্বা দাগ দাও।

কিছু কিছু পরিবারের লোকেরা যারা বাবিল ছেড়ে
এসেছিল তারা ডুর নগর তৈরী করেছিল। অব্রাম ডুর
নগরেই জন্মগ্রহণ করেছেন। তার বাবা

অনেক দেব দেবতার কাছে প্রার্থনা করেছিলেন।

তার লোকেরাও দেবদেবতার কাছে প্রার্থনা
করেছিল যারা দেখতে পারত না ও তাদের কথা
শুনতে পারত না, ফলে তারা একমাত্র সত্যময়
ঈশ্বরকে জানতে পারল না। ● তাদের কাছে
বাইবেল ছিল না যে, ঈশ্বরের সত্য
সম্পর্কে কেউ তাদের বলবে। ●

ঈশ্বর

অব্রাম সত্যময় ঈশ্বরকে জানতেন না, কিন্তু
ঈশ্বর অব্রামকে জানতেন ও ভালবাসতেন।

ঈশ্বর তাকে ডেকে বললেন

“তোমার বাড়ী ও দেশ ত্যাগ কর”

ত্যাগ কর তোমার পিতার উপাস্য দেবতাদের

● এবং যে দেশে আমি তোমাকে নিয়ে যাই

তার অনুসরণ কর। ●

যারা ঈশ্বরের অনুসরণ করে ঈশ্বর তাদের আশীর্বাদ করেন ও
পরিচালনা দান করেন।

তিনি অব্রামকে প্রতিজ্ঞা করলেন “তুমি যদি আমার অনুসরণ কর আমি
তোমাকে আশীর্বাদ করে মহান করবো। তোমাকে মহা এক জাতির পিতা করবো।
তোমাকে আশীর্বাদ করবো ও তুমি সেই আশীর্বাদের প্রতীক হবো।”

অব্রাম জানতেন যে এক সত্যাময় ঈশ্বর তাকে আহুত করেছেন।

● ঈশ্বর তাকে যা বললেন অব্রাম তা বিশ্বাস করলেন। ●

অব্রামের স্ত্রী সারীও ঈশ্বরের প্রতিজ্ঞাকে বিশ্বাস করলেন।

স্ত্রী সারীকে নিয়ে অব্রাম উর দেশ ত্যাগ করলেন।

● লোকেরা যে দেব দেবতা তৈরী করেছিল তারা তা ছেড়ে

চলে গেল। ● এক সত্যাময় ঈশ্বরকে তারা অনুসরণ করলো। ●

ঈশ্বর




- অব্রাম এবং ঈশ্বরের মধ্যে খুব সুন্দর বন্ধু
ভাব ছিল। ● অব্রাম ঈশ্বরের
সংগে কথা বললেন। ঈশ্বর
অব্রামের সংগে কথা বললেন।

তিনি অব্রামের সংগে গিয়ে দেখালেন কোন্ পথে যেতে হবে।

● ঈশ্বর অব্রামকে কনান দেশে নিয়ে গেলেন। ●

যেখানেই অব্রাম সারীকে নিয়ে থাকতেন
সেখানেই তিনি ঈশ্বরের উদ্দেশ্যে বেদী নির্মাণ
করতেন। হেবল, ইনোক ও নোহ যেমন ঈশ্বরের
উদ্দেশ্যে বলি উৎসর্গ করলেন, অব্রামও তাই
করলেন। বহুলোকদের জন্য অব্রাম ছিলেন
আশীর্বাদ ও সাহায্য স্বরূপ।
তিনি সত্য ও জীবন্ত ঈশ্বর
সম্বন্ধে তাদের বললেন।



● ঈশ্বর সবসময় তার প্রতিজ্ঞা অনুযায়ী কাজ করেন। ●

ঈশ্বর অব্রাহামকে আশীর্বাদ করলেন ফলে তিনি ধনী হলেন।

বৃন্ধকাল পর্যন্ত তার কোন ছেলেমেয়ে ছিল না। তথাপি তিনি

ঈশ্বরের উপর বিশ্বাস হারাননি। এতে ঈশ্বর তার উপর খুশী

ছিলেন।

ঈশ্বর ‘অব্রাহাম’ নাম বাদ দিয়ে তার নাম অব্রাহাম

রাখলেন। অব্রাহাম মানে “অনেকের পিতা”।

ঈশ্বর ‘সারাঁ’ নাম বাদ দিয়ে তার স্ত্রীর নাম

রাখলেন “সারা”। সারা মানে

“সৃন্দরীদের মাতা” “পরমাসৃন্দরী”।

ঈশ্বর অব্রাহাম ও সারাকে এক পুত্র সন্তান দিলেন।

তার নাম ইসহাক। আর তার মধ্য থেকে

মহান এক জাতি তৈরী হলো।

ঈশ্বর তার বই পরিত্র বাইবেলের শিঙ্গল অনুযায়ী তোমাকে চালান।

বাইবেলে ঈশ্বর তোমাকে তার অনুসরণ করতে বলেন।

আশীর্বাদ করে তোমাকে চালাবেন বলে তিনি প্রতিজ্ঞা করেছেন।

কি করতে হবে তোমাকে তিনি তা বলে দেন।

● ঈশ্বরের অনুসরণ করলে তিনি তোমাকে স্বর্গে নেবেন। ● তোমাকে

কি ফেলে যেতে হবে তা নিয়ে ভেব না কিন্তু অব্রাহামের মত তুমি

ঈশ্বরের অনুসরণ কর। কি করতে হবে ঈশ্বর তোমাকে সে সব

ব্যাপারে সাহায্য করবেন।

প্রার্থনা

অব্রাহাম তার দেশ বন্ধুবান্ধব ফেলে জীবনের

প্রতিটি দিন তোমাকে অনুসরণ করে চলেছিল।

আমাকেও সেইরকম কর (প্রভু) তোমার কাছাকাছি

থেকে তোমাকে খুশী করে জীবনের প্রতিটি পথ

যেন চলতে পারিঃ।

এবাবে দশম পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।

